# 2016

## BENGALI

## ( Elective )

Paper : 5.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ই; উ; ও—এর মধ্যে সম্মুখ স্বরধ্বনি কোনটি?

(খ) ঈ; ঊ; ঋ; ঐ—এর মধ্যে দ্বি-স্বরধ্বনি কোনটি?

(গ) র; ম; গ; ড—এর মধ্যে রণিত ব্যঞ্জন কোনটি?

(ঘ) দিশ্>দিশা; দেশি>দিশি; শুনিয়া>শুইনা>শুনে—এর মধ্যে অভিশ্রুতির উদাহরণ কোনটি?

(ঙ) মহাপ্রাণিতের একটি উদাহরণ দাও।

(চ) একটি অর্ধতৎসম শব্দের উদাহরণ দাও।

(ছ) "ফুটায় মনে কি মন্তরে খুশির শতদল।"
কোন্ অলংকারের উদাহরণ?

(জ) সমাসোক্তি অলংকারের একটি উদাহরণ দাও।

(ঝ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'গগনচুম্বী' শব্দের মাত্রাসংখ্যা কত?

(ঞ) "আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে।"
চরণটি কোন্ ছন্দে রচিত?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো : নাসিক্যীভবন।

(খ) "চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে আগুনে কথা।"
কারণ নির্দেশ করে অলংকারের নাম লেখো।

(গ) হলন্ত অক্ষর বলতে কী বোঝ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখো : স্বরসংগতি।

(ঙ) উদাহরণসহ পূর্ণোপমার সংজ্ঞা নির্দেশ করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) টীকা লেখো : রাঢ়ী উপভাষা।

(খ) সংজ্ঞাসহ সমরূপ শব্দ ও সমধ্বনি শব্দের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(গ) সংজ্ঞা এবং উদাহরণসহ শ্লেষ এবং যমক অলংকারের পার্থক্য নির্দেশ করো।

(ঘ) অলংকার নির্দেশ করো এবং তোমার সিদ্ধান্তের কারণ দর্শাও :

“আমি জানি, কিছুই থাকে না,
পলকে শুকায়ে যায়—সবই যেন সাবানের ফেনা।”

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“বিশেষণে সবিশেষ কহিবারে পারি।
জান তো স্বামীর নাম নাহি লয় নারী॥”

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“হে মোর চিত্ত পুণ্য তীর্থে জাগো রে ধীরে
এই ভারতের মহামানবের সাগরতীরে।”

৪। ক—গুচ্ছ, খ—গুচ্ছ এবং গ—গুচ্ছ; প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে কীভাবে পর্যায়ক্রমে বাংলা ভাষার উদ্ভব হয়েছিল, সে-সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো।

(খ) অন্ত-মধ্য বাংলার প্রধান বিশেষত্বগুলো লিপিবদ্ধ করো।

(গ) বাংলা শব্দভাণ্ডারে গৃহীত বিভিন্ন প্রকার বিদেশী শব্দ সম্পর্কে যথেষ্ট পরিমাণ উদাহরণসহ আলোকপাত করো।

(ঘ) শব্দার্থ পরিবর্তনের কারণ কী? যথেষ্ট পরিমাণ উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারা সম্পর্কে আলোচনা করো।

খ—গুচ্ছ

(ক) ধ্বনিপ্রধান ছন্দ বলতে কী বোঝ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো নির্দেশ করো।

(খ) বাংলা ছন্দ কত প্রকার? প্রত্যেক প্রকার ছন্দের পর্ব-বিভাজন এবং মাত্রাবিচার পদ্ধতি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

গ—গুচ্ছ

(ক) বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আলোকপাত করে উদাহরণসহ শব্দালংকার এবং অর্থালংকারের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

(খ) সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও :

(১) সন্দেহ এবং উৎপ্রেক্ষা

(২) উপমা এবং সমাসোক্তি

(৩) রূপক এবং সমাসোক্তি

★★★